7	Paid up Equity Share Capital(Face value of share ₹ 1 Each)	150.00	150.00	150.00	150.00	150.00	150.00	150.00	150.00
8	Other equity (excluding Revaluation Reserve)				43.40				(298.09)
9	Earnings per share (of ` 1/- each) (not annualised):								
	(a) Basic	(0.84)	0.74	(0.55)	(1.61)	(0.81)	0.79	(0.64)	(1.75)
	(b) Diluted	(0.84)	0.74	(0.55)	(1.61)	(0.81)	0.79	(0.64)	(1.75)

Notes:

(1) The above results have been reviewed by Audit Committee of the Board of Directors in their meeting held on 30.08.2022 and approved by the Board of Directors in the meeting held on the same day.
(2) The statutory auditors of the Company have carried out the limited review of these financial results as required under Regulation 33 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.
(3) Previous quarters/year's figures have been re-grouped /re-arranged accordingly to make them comparable, wherever necessary.
(4) The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the Stock Exchange websites (www.nseindia.com & www.bseindia.com) and Company's website (www.mmtclimited.com)

BY ORDER OF THE BOARD OF DIRECTORS
Sd/-
(Kapil Kumar Gupta)
Director (F) & CFO
DIN: 08751137

Place: New Delhi
Dated: 30.08.2022

সংস্কৃতি

এখন শ্রোতাদের চাই এক মিনিটের 'মেড ফর ইচ আদার' ধরনের গান

গান–জীবনের তিরিশ বছরে এসে এটাই মনে করেন লোপামুদ্রা মিত্র

সঙ্কর্ষণ বন্দ্যোপাধ্যায়

রাজ্য সঙ্গীত অ্যাকাডেমির প্রতিযোগিতায় প্রথম হয়ে প্রথম রেকর্ড করার সুযোগ ১৯৯১ সালে। যদিও তার আগে থেকে রেডিওর নিয়মিত শিল্পী তিনি। দেখতে দেখতে গান জীবনের তিরিশটি বছর পার করে এলেন বাংলা গানের ব্যতিক্রমী শিল্পী লোপামুদ্রা মিত্র। সেই সময় থেকেই সুমন–নচিকেতার গানের পাশাপাশি লোপামুদ্রা তাঁর গানে এক স্বতন্ত্রতা তৈরি করতে পেরেছেন। পেয়েছেন আপামর বাঙালির ভালবাসা। গান জীবনের তিরিশ বছর পার করে মনে হয়, বাংলা গানে কি কিছু পরিবর্তন হয়েছে? লোপামুদ্রার সোজাসাপ্টা জবাব, 'অনেক অনেক বদলেছে। আমার সাত মিনিটের 'বেণীমাধব' নয়, এখন শ্রোতাদের চাই এক মিনিটের 'মেড ফর ইচ আদার' ধরনের গান (সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় প্রকাশিত হয়েছে লোপামুদ্রা ও জয়ের গাওয়া এই গান)। মানুষের ধৈর্য এতটাই কমেছে যে, গানও হতে হবে এক মিনিটের! ভাবতে খারাপ লাগে। আবার ভাবি শ্রোতাদের আনন্দ দেওয়ার জন্যই তো গাওয়া। তাই ওঁদের ভাল লাগার কথাও তো মাথায় রাখতে এক মিনিটের গানও গাইতে হচ্ছে। এই যে বিরাট পরিবর্তন সঙ্গীত জগতে এসেছে, তার সঙ্গে প্রতিনিয়ত মানিয়ে নেওয়ার চেষ্টা করছি।' তিরিশ বছরে প্রাপ্তি–অপ্রাপ্তি? লোপা বলেন, 'এতগুলো বছর ধরে এত মানুষের ভালবাসা পেয়েছি, এত মানুষকে ভালবাসতে পেরেছি, সেটাই সবচেয়ে বড় প্রাপ্তি। পিছনের দিকে তাকালে দেখতে পাই, যাঁদের সঙ্গে শুরু করেছিলাম তাঁরা আজ অনেকেই নেই। আজ সব থেকে বেশি মনে হচ্ছে, আমার গুরু সমীর চট্টোপাধ্যায় (কাকা)–এর কথা। আমি যে এত দূর আসতে পেরেছি, বা যে জায়গায় পৌঁছেছি, সেটা কাকা না থাকলে হত না। আমার বাবাও বোধহয় কোনও দিন ভাবতে পারেননি, আমি এ ভাবে গান করব। গান জীবনের তিরিশ বছর পূর্তি পালন করতে পারছি, এটাও আমার কাছে বড় প্রাপ্তি। আক্ষেপ হয়, একটা সময় বাংলা গানের বিরাট রমরমা ছিল। আজ সেখানে পাঞ্জাবি–সহ অন্য ভাষার গান চলে। রিয়্যালিটি শো-গুলোও এরজন্য অনেকটা দায়ী। সেখানে বাংলা নতুন গান প্রায় গাওয়া হয় না। এফএম চ্যানেলগুলোকে বাংলা গান বাজানোর জন্য অনুনয়–বিনয় করতে হয়। এরকম চলতে থাকলে নতুন গান তৈরি হওয়া এবং হিট করা কঠিন। যদিও নতুন প্রচুর ভাল গান তৈরি হচ্ছে, কেবল একটু প্রচার পেলেই হিট হতে পারত সেই গান। বাংলা গানকে বাঁচানোর জন্য সব শিল্পীকে একজোট হতে হবে। একটা 'গান' বিপ্লব প্রয়োজন।' এবার পুজোর আগেই আসছে লোপামুদ্রার নতুন বাংলা সিঙ্গল 'জানে, এ শ্রাবণ' নবীন অরুণাশিস রায়ের কথা ও সুরে। তিরিশ বছর উপলক্ষে আগামী ৩ সেপ্টেম্বর রবীন্দ্র সদনে 'চারণ' ফাউন্ডেশনের আয়োজনে সঙ্গীতানুষ্ঠান 'গান জীবন ৩০'–এ শিল্পী লোপামুদ্রার চেনা–অচেনা গানের সঙ্গে থাকছে নতুন গানও। এদিন লোপামুদ্রার চারণ ফাউন্ডেশন সম্মান জানাবেন দুই দুঃস্থ সঙ্গীতশিল্পী শ্রীনিবাস সরকার ও মনোরঞ্জন দাসকে। এদিন প্রকাশিত হবে সমীর চট্টোপাধ্যায় (কাকা)– এর ২৫টি গানের সঙ্কলনের স্মারক 'সঙ্গে সমীর চট্টোপাধ্যায়'।

তোমায় গান শোনাব

রবীন্দ্রনাথের বহু পরিচিত, বহুল রেকর্ড করা গানগুলোর মধ্যে অন্যতম 'তোমায় গান শোনাব'। এই গানের শতবর্ষ উদ্‌যাপন করা হল! বিশিষ্ট সুরকার-যন্ত্রসঙ্গীত শিল্পী দেবজ্যোতি মিশ্রের সঙ্গীত আয়োজনে, সঙ্গীতশিল্পী জোনাকি মুখোপাধ্যায়ের কণ্ঠে, টাইমস মিউজিক থেকে মুক্তি পেল এই গান, স্পাইসেস এন্ড সসেস ক্যাফেতে আইসিসিআর-এ। উপস্থিত ছিলেন এই সন্ধ্যার বিশেষ অতিথি শিল্পী অনিন্দ্য চট্টোপাধ্যায়। এই উপলক্ষে প্রকাশিত হল ভারতীয় ডাক বিভাগ থেকে বিশেষ মাই স্ট্যাম্প।

সাতের দশকের কনিষ্ঠ পাণ্ডব



প্রবীণ প্রদীপ। শুটিংয়ে। ছবি: সুপ্রিয় নাগ



নবীন প্রদীপ। জনঅরণ্যর শুটিংয়ে সত্যজিৎ রায়ের সঙ্গে। ছবি: হীরক সেন

'জনঅরণ্য'র পর প্রদীপ মুখোপাধ্যায় হয়ে উঠলেন অন্য ধারার ৫ নবীন নায়কের অন্যতম উজ্জ্বল মুখ।

সম্রাট মুখোপাধ্যায়

শেষটা দেখেননি উত্তমকুমার। 'জনঅরণ্য' সিনেমার বিখ্যাত 'ক্লাইম্যাক্স' দৃশ্যটা। প্রদীপ মুখোপাধ্যায়কে শুটিংয়ে ডেকে পাঠিয়ে জানতে চেয়েছিলেন শেষটা। আর তুমুল প্রশংসা করেছিলেন তাঁর কাজের। দুটি ছবিতে নায়ক হিসেবে প্রযোজকদের কাছে 'রেকমন্ড'ও করেছিলেন তাঁর নাম। তাঁর একটি ছিল সেসময়ের সুপারহিট যাত্রা 'মা মাটি মানুষ'। এতে বড়ভাই করবেন উত্তম, ছোটভাই প্রদীপবাবু, এমনটাই ঠিক ছিল। উত্তমের মৃত্যুতে সে ছবি আর হয়নি।

উত্তর কলকাতার সিমলা অঞ্চলের বাসিন্দা প্রদীপ মুখোপাধ্যায়ের জন্ম ১৯৪৬ সালের ১১ আগস্ট। ব্যবসায়ী পরিবারের ছেলে। তবে একসময়ে যখন কিশোর প্রদীপ স্কুলের ছাত্র, আর্থিক অনটনে ভুগেছে পরিবার। সেই দিনগুলোর স্মৃতি পরে অভিনয় জীবনে কাজে লেগেছে তাঁর। সিনেমায় অভিনয়ের ইচ্ছা কিশোরবেলা থেকেই। হায়ার সেকেন্ডারি পরীক্ষা অসম্পূর্ণ রেখে পালিয়ে যান বোম্বে। নায়ক হওয়ার বাসনায়। সফল না হয়ে ফিরে আসেন। সিটি কলেজ থেকে স্নাতক হয়ে আইন নিয়ে আবার পড়াশোনা শুরু করেন। চাকরিতে ঢোকেন। আবার ঝুঁকি নিয়ে চাকরি ছেড়ে দেন সত্যজিৎ রায়ের কাছ থেকে প্রথম ছবি করার ডাক আসতেই। শুটিং শুরুর আগেই। স্বয়ং সত্যজিৎ চমকে গিয়েছিলেন এই সিদ্ধান্তে।

সাতের দশকের প্রথমার্ধে সত্যজিৎ রায় ও মৃণাল সেন দু'জনে দুটি কলকাতা ট্রিলজি বানিয়েছিলেন। আর সেই সুবাদে বাংলা সিনেমা পেয়েছিল পাঁচ তরুণ নায়ককে। যাঁদের মধ্যে কনিষ্ঠ 'পাণ্ডব' ছিলেন প্রদীপ মুখোপাধ্যায়। ১৯৭৬–এ সত্যজিৎ রায়ের 'জন অরণ্য' দিয়ে তাঁর সিনেমা-জীবনে প্রবেশ। প্রসঙ্গত, অন্য আর চার 'পাণ্ডব' ছিলেন ধৃতিমান চট্টোপাধ্যায়, রঞ্জিত মল্লিক, দেবরাজ রায় ও বরুণ চন্দ। উত্তর–সৌমিত্র যুগের 'অন্য' ছবির পদাতিক নায়কেরা এই সময় একের পর এক চলে আসছিলেন পর্দায়। ফলে নিজেকে প্রতিষ্ঠা দেওয়ার জন্য সময়টা খুব সহজ ছিল না। তবু বছর পাঁচেকের মধ্যেই যে প্রদীপ মুখোপাধ্যায় নিজের একটা স্বতন্ত্র জায়গা করে নিলেন বাংলা সিনেমায়, তার কারণ এই সময়ের তিনটি ছবি। 'জন অরণ্য', 'দৌড়' এবং 'দূরত্ব'। বস্তুত সাতের দশকে নানা টানাপোড়েনে রক্তাক্ত যৌবনের পর্দা-প্রতিনিধি হয়ে উঠেছিলেন যেন প্রদীপ মুখোপাধ্যায় এই তিনটি ছবির জোরে। এই ধারাবাহিকতা তাঁকে প্রতিষ্ঠা দিয়েছিল। কিন্তু হয়তো একটা 'ইমেজ'–এর ঘেরাটোপে বন্দিও করেছিল। যা পরে অন্তরায় হয়ে উঠেছিল রোমান্টিক নায়ক বা মূলধারার ছবির নায়ক হয়ে ওঠার ক্ষেত্রে। কিন্তু সুযোগ পেলে অন্য ধরনের চরিত্রেও যে তিনি অনবদ্য, তার প্রমাণ ধরা আছে আটের দশকের গোড়ায় দুই সাহিত্যনির্ভর ছবি 'বন্দিনী কমলা' ও 'অশ্লীলতার দায়ে'তে।' এর পাশাপাশি 'যাকে ঘুষ দিতে হয়', 'অন্বেষণ', 'চপার'–এর মতো অন্য ধারার ছবিতেও তিনি নানারকম চরিত্র করছিলেন। পরে সত্যজিৎ রায়ের আর একটি ছবিতে তাঁকে দেখা যায়। 'শাখা প্রশাখা'য় তিনি করেছিলেন এক সাংবাদিকের চরিত্র। এর পরের দুই দশকে তাঁর ভাল কাজ ধরা আছে অপর্ণা সেন ও ঋতুপর্ণ ঘোষের ছবিতে। অপর্ণার 'সতী', 'গয়নার বাক্স' আর ঋতুপর্ণের 'হীরের আংটি', 'দহন', 'উৎসব'। বুদ্ধদেব দাশগুপ্তের 'মন্দ মেয়ের উপাখ্যান'–এ এক সহৃদয় শিক্ষকের চরিত্রে তাঁর অভিনয় দর্শকদের মন ছুঁয়ে গিয়েছিল। মাঝে কিছুটা বিরতির পরে আবার পর্দায় সম্প্রতি তাঁকে ফিরে পাওয়া যাচ্ছিল বেশ কিছু উল্লেখযোগ্য চরিত্রে। পরিচালক ইন্দ্রাশিস লাহিড়ীর পরপর তিন ছবি 'বিল্লু রাক্ষস', 'পিউপা' আর 'পার্সেল'–এ টানা ভাল কাজ করেন তিনি। 'তরুলতার ভূত'–এ আবার জটিল এক ছাঁচ ভাঙা চরিত্র। এক বিকৃতকাম খুনির। তবে এই শেষ পর্যায়ে তাঁর সবচেয়ে উল্লেখযোগ্য চরিত্রায়ন ছিল শৈবাল মিত্রের 'শজারুর কাঁটা'য় অজিত। এ ছবিতে বয়স্ক ব্যোমকেশ, বয়স্ক অজিত। ছাঁচ ভেঙে এক সংযতবাক অজিত। এর মধ্যেই করেছেন সন্দীপ রায়ের 'যেখানে ভূতের ভয়', 'বাদশাহী আংটি'। করেছেন হিন্দি ছবি 'কাহানি টু'। শেষ ছবি 'ড্রাকুলা স্যর'–এ আবার ছিল সাতের দশকের এক রাজনৈতিক যুবকের চরিত্র, যে এখন বয়স্ক। যেন পর্দায় বৃত্ত সম্পূর্ণ করে গেলেন প্রদীপ মুখোপাধ্যায়। একসময় নিয়মিত থিয়েটার করতেন। স্নাতক পর্যায়ে পড়ার সময়েই তাঁর গ্রুপ থিয়েটারে আসা। অসীম চক্রবর্তীর 'চতুর্মুখ' বা শ্যামল ঘোষের 'নক্ষত্র'–এর মতো নামী দলে। খুবই প্রশংসা পেয়েছিলেন 'লম্বকর্ণ পালা', 'ক্যাপ্টেন হুররা' প্রযোজনায়। সত্যজিৎ রায়ের ডাক পান এই সময়েই।সাতের দশকের শেষদিকে যখন পর্দায় প্রদীপ মুখোপাধ্যায়ের কেরিয়ার তুঙ্গে, তখন তিনি আবার ফিরে আসেন মঞ্চে। তবে এবার পেশাদার মঞ্চে। ওই সময়ের তুমুল জনপ্রিয় নাটক 'নহবত' দিয়ে। মঞ্চে 'জন অরণ্য'তেও তিনিই নায়ক হয়েছেন। কলকাতা দূরদর্শনে 'কালপুরুষ' সিরিয়ালে তিনি অনিমেষ হয়ে আবার যেন হয়ে উঠেছিলেন সাতের দশকের যৌবনের মূর্ত প্রতিনিধি।

পরিণত বয়েসে এসে লিখেছেন তথ্যবহুল আত্মজীবনী। সেখানে লিখেছেন 'জনঅরণ্য' ছবির কাজ তাঁর জীবনে কখনও শেষ হয়নি। যখনই কোনও কঠিন সময়ের ভেতর দিয়ে গেছেন, জীবনে, মনে পড়েছে ওই ছবির জীবনদর্শন। তাঁর সেই আত্মজীবনীর নাম তাই 'জন অরণ্যে'।

আইবিসি ২০১৬ অধীনে বিক্রয় বিজ্ঞপ্তি

হ্যানিমান হাউসিং অ্যান্ড ডেভেলপমেন্ট প্রাইভেট লিমিটেড (লিকুইডেশনের অধীনে)
লিকুইডেটরের অফিস: ফ্ল্যাট নং ৩, ৩য় তল, ৪০০ বি/২ এফ এন সি বোস রোড (বি/৩ লক্ষ্মীনারায়ণ কলোনি), কলকাতা–৭০০০৪৭
পশ্চিমবঙ্গ রাজ্যে জমি–সহ সম্পত্তির বিবরণ নীচে টেবিলে বিবৃত:

লিকুইডেটর দ্বারা সৃষ্ট লিকুইডেটরের এস্টেট, যার মালিকানা **হ্যানিমান হাউসিং অ্যান্ড ডেভেলপমেন্ট প্রাইভেট লিমিটেড (লিকুইডেশন অধীনে)**–এর জমি–সহ সম্পত্তি বিক্রয়। নিম্নস্বাক্ষরকারী দ্বারা বিক্রয় অনুষ্ঠিত হবে 'যেখানে যেমন আছে' 'যেখানে যেভাবে আছে' ভিত্তিতে ই–অকশন প্ল্যাটফর্ম **https://ncltauction.auctiontiger.net** মাধ্যমে

ক্রম নং	সম্পদের বিবরণ	বিক্রয়ের ধরন পরিমাপ	নিরীক্ষণের তারিখ	অকশনের তারিখ ও সময়	সংরক্ষিত মূল্য (টাকায়)	ইএমডি অর্থাঙ্ক এবং নথি জমার শেষ তারিখ
১.	সাথবেড়িয়া, চন্দনেশ্বর–১ গ্রাম পঞ্চায়েত অধীনে, ২৪ পরগনা (দক্ষিণ), পশ্চিমবঙ্গ স্থানে কোম্পানির জমি	সাধারণ বিক্রয় ৩৫.৯৩ একর	৬ সেপ্টেম্বর ২০২২, সকাল ১১.০০ থেকে বেলা ৪.০০	১৯ সেপ্টেম্বর ২০২২, বেলা ১৩.৩০ থেকে ১৫ ঘণ্টা, তৎসহ প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের অসীমায়িত বৃদ্ধি	₹ ৪,৮৮,৪৩,০০০/-	₹ ৪৮,৮৪,৩০০/– আরটিজিএস মাধ্যমে জমা করতে হবে ১২ সেপ্টেম্বর ২০২২
২.	মৌজা– কাঁটাডিহ, থানা– আরশা, জেলা পুরুলিয়া, পশ্চিমবঙ্গ	সাধারণ বিক্রয় ১২,৩৪.০১৭ ডেসিমেল	৭ সেপ্টেম্বর ২০২২ সকাল ১০.০০ থেকে বেলা ৪.০০	২০ সেপ্টেম্বর ২০২২, বেলা ১৩.৩০ থেকে ১৫ ঘণ্টা, তৎসহ প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের অসীমায়িত বৃদ্ধি	₹৭৮,১২,০০০/–	₹ ৭৮১২০০/– আরটিজিএস মাধ্যমে জমা করতে হবে ১৩ সেপ্টেম্বর, ২০২২
৩.	মৌজা– বিরুজিহা, থানা– কাঁকসা, জেলা– বর্ধমান, পশ্চিমবঙ্গ	সাধারণ বিক্রয় ৫২ ডেসিমেল	৮ সেপ্টেম্বর ২০২২, সকাল ১১.০০ থেকে বেলা ৪.০০	২১ সেপ্টেম্বর ২০২২ বেলা ১৩.০০ ১৫ ঘণ্টা, তৎসহ প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের অসীমায়িত বৃদ্ধি	₹ ১১,২৫,০০০/–	₹ ১,১২,৫০০/– আরটিজিএস মাধ্যমে জমা করতে হবে ১৪ সেপ্টেম্বর, ২০২২
৪.	মৌজা– মনিকাড়া, থানা– কাঁকসা, জেলা– বর্ধমান, পশ্চিমবঙ্গ	সাধারণ বিক্রয় ৭০৪.৫ ডেসিমেল	৯ সেপ্টেম্বর ২০২২, সকাল ১১.০০ থেকে বেলা ৪.০০	২২ সেপ্টেম্বর ২০২২ বেলা ১৩.৩০ থেকে ১৫ ঘণ্টা, তৎসহ প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের অসীমায়িত বৃদ্ধি	₹ ২,৬৮,৯৯,০০০/–	₹ ২৬৮৯৯০০/– আরটিজিএস মাধ্যমে জমা করতে হবে ১৫ সেপ্টেম্বর, ২০২২
৫.	মৌজা– কেন্দুয়া, থানা– ফরিদপুর, জেলা– বর্ধমান, পশ্চিমবঙ্গ	সাধারণ বিক্রয় ১২৭৮.৭৫ ডেসিমেল	১২ সেপ্টেম্বর ২০২২, সকাল ১১.০০ থেকে বেলা ৪.০০	২৬ সেপ্টেম্বর ২০২২ বেলা ১৩.৩০ থেকে ১৫ ঘণ্টা, তৎসহ প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের অসীমায়িত বৃদ্ধি	₹ ৩২৪০৫০০০/–	₹ ৩২৪০৫০০/– আরটিজিএস মাধ্যমে জমা করতে হবে ১৯ সেপ্টেম্বর, ২০২২
৬.	মৌজা–চানপাবন্দি, থানা– ফরিদপুর, জেলা– বর্ধমান, পশ্চিমবঙ্গ	সাধারণ বিক্রয় ১১.৩৮ ডেসিমেল	১৩ সেপ্টেম্বর ২০২২, সকাল ১১.০০ থেকে বেলা ৪.০০	২৭ সেপ্টেম্বর ২০২২ বেলা ১৩.৩০ থেকে ১৫ ঘণ্টা, তৎসহ প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের অসীমায়িত বৃদ্ধি	₹ ১২৩৮৮০০০/–	₹ ১২৩৮৮০০/– আরটিজিএস মাধ্যমে জমা করতে হবে ২০ সেপ্টেম্বর, ২০২২

সম্পত্তিসমূহের বিশদ, যথা দাগ ইত্যাদি পাওয়া যাবে অকশন সাইট: https://ncltauction.auctiontiger.net –তে **প্রসেস মেমোরেন্ডাম–এ।**

১. আগ্রহী আবেদনকারী দেখবেন সম্পূর্ণ ই–অকশন পদ্ধতি তথ্য নথি যেখানে অনলাইন ই–অকশনের বিশদ শর্তাবলি, ই–অকশন বিড ফর্ম, যোগ্যতামান, শর্ত, ঘোষণা, ইএমডি প্রয়োজনীয়তা ইত্যাদি সার্ভিস প্রোভাইডারের ওয়েব পোর্টাল, যথা মেসার্স অকশন টাইগার ই–অকশন প্ল্যাটফর্ম, https://ncltauction.auctiontiger.net স্থানে ৩০ আগস্ট ২০২২ সকাল ১১.০০ থেকে ১৩ সেপ্টেম্বর, ২০২২ বেলা ৫.০০ পর্যন্ত বা ই–মেল করবেন raoka55@gmail.com এবং ই–অকশন প্ল্যাটফর্ম: https://ncltauction.auctiontiger.net এবং পদ্ধতিগত প্রশ্নের জন্য যোগাযোগ: প্রভীনকুমার থেবর, praveen.thevar@auctiontiger.net/D:7968136854/M:9722778828. সম্পত্তি সম্পর্কিত প্রশ্ন বা ব্যবহারিক নিরীক্ষণের জন্য আবেদনকারীগণ যোগাযোগ করবেন শ্রী সন্দীপ সামন্ত, মোবাইল নং ৯৮৩০২৩৩৭১১ বা শ্রীমতী নিবেদিতা মাইতি, মোবাইল নং ৯৪৩২৫০৫২০০

২. আরজিটিএস করতে হবে HANEMANN HOUSING & DEVELOPMENT PRIVATE LIMITED (IN LIQUIDATION) ACCOUNT # 000605034375, IFSC ICIC0000006 (কারিগরি কারণে অ্যাকাউন্ট সংক্ষিপ্ত হতে পারে)

৩. **নথিভুক্তি আধিকারিকগণের ব্যাখ্যা অনুসারে কর্পোরেট ইনসলভেন্সি রিজোলিউশন পদ্ধতি আরম্ভের তারিখ কোনও জমি নথিভুক্ত বা মিউটেশন ২৬ এপ্রিল ২০১৮ তারিখ বা তারপর হয়ে থাকলে তা ২৯ অক্টোবর ২০১৮ তারিখের লিকুইডেশন আদেশে সমাপ্ত হয়েছে।**

৪. **লিকুইডেটর আর্থিক উত্তমর্ণগণের কাছ থেকে প্লটের বিভাজনের দাবি গ্রহণ করেছেন। ওই প্লটের উপর বসবাসকারীগণ অনধিকার প্রবেশ করেছেন এবং ওই অসুবিধা দূরীকরণের জন্য প্রশাসনিক সাহায্যের আবেদন করা হবে। অন্য কোনও উত্তমর্ণ দাবি পেশ করেননি।**

৫. লিকুইডেটর ই–অকশন শর্তাবলি যে কোনও সময় পরিমার্জন করতে পারেন। লিকুইডেটর স্বীকার, বাতিল বা বৃদ্ধি বা পরিমার্জনের অধিকারী। কোনও কারণ না দর্শিয়ে যে কোনও বিড বাতিল করতে পারেন।

৬. আগ্রহী বিডারগণ তাঁদের বিড আলাদাভাবে জমা করতে পারেন, যেহেতু তাঁরা আলাদাভাবে বিভিন্ন তারিখে বিডে অংশগ্রহণ করতে পারেন, যদিও ঘোষণাপত্র, এফিডেভিট প্রতি বিড ক্ষেত্রে একক সেট জমা করতে পারেন।

৭. বিড জমার পূর্বে আগ্রহী বিডারগণ সম্পত্তি সম্পর্কে যাচাই করবেন তাঁদের খরচে, স্বাধীনভাবে। বিক্রয়ের পরবর্তী সময়ে লিকুইডেটর কোনও দায় স্বীকার করবেন না। এই বিক্রয় বিজ্ঞপ্তি ক্ষেত্রে কোনও ভুল থাকলে তা বিক্রয় বিঘ্নিত করবে না।

স্বাঃ/–
আনন্দরাও কোরাদা, লিকুইডেটর
রেজিঃ নং– IBBI/IPA002/IP-N00286/2017-18/10844
(এম) ৯৮৭৪২৬৪৬৪৭, ই–মেল:raoka55@gmail.com

তারিখ: ৩১ আগস্ট, ২০২২
স্থান: কলকাতা

SOUTH INDIAN Bank
Experience Next Generation Banking

রিজিওনাল অফিস কলকাতা
ডোর নং ২০এ, ওয়ার্ড নং ৬৩, দ্বিতীয় তল, ফ্ল্যাট নং ১, মাদার টেরেসা সরণি, পার্ক স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ– ৭০০০১৬
ফোন: ০৩৩–৪০০৩১২১২; ই–মেল: ro1013@sib.co.in

গাড়ি নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, অপর সকল মাসুল, আনুষঙ্গিক খরচ ও চার্জ সহ ১১.০৮.২০২২ থেকে বকেয়া সুদ সমেত ১১.০৮.২০২২ তারিখের ভিত্তিতে মিঃ দেবব্রত মণ্ডল এর থেকে পাওনা বাবদ ₹৬,১১,৬৫৭.৭২ (ছয় লক্ষ এগারো হাজার ছশো সাতান্ন টাকা এবং বাহাত্তর পয়সা মাত্র) পুনরুদ্ধারের জন্য সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্কে রেহানাবদ্ধ নিম্নবর্ণিত গাড়িটি **১৪.০৯.২০২২** তারিখে (নিলামের তারিখ) **'যেখানে যেভাবে আছে', 'যা কিছু আছে', 'যেমন আছে' এবং 'রিকোর্স ছাড়া'** ভিত্তিতে বিক্রি করা হবে।

ক্রম নং	মডেলের নাম	চ্যাসিস নম্বর	ইঞ্জিন নম্বর	রেজিস্ট্রেশন নম্বর	যে সংরক্ষণ মূল্যের কমে গাড়িটি বিক্রি করা হবে না
১	শেভ্রলে এনজয় ১.৩ এলএস	MA6HBECAEDH019180	10CL2Z140410237	WB19G3085	₹৩০,০০০/-

বিক্রির বিশদ তথ্য

ঋণগ্রহীতার নাম জামিনদারগণের নাম	মিঃ দেবব্রত মণ্ডল মিঃ তপন মণ্ডল
জামিনযুক্ত ঋণের অর্থাঙ্ক, যা পুনরুদ্ধারে জামিনযুক্ত পরিসম্পদ বিক্রি করা হবে	অপর সকল মাসুল, আনুষঙ্গিক খরচ ও চার্জ সহ ১১.০৮.২০২২ থেকে বকেয়া সুদ সমেত ১১.০৮.২০২২ তারিখের ভিত্তিতে মিঃ দেবব্রত মণ্ডল এর থেকে পাওনা বাবদ ₹৬,১১,৬৫৭.৭২ (ছয় লক্ষ এগারো হাজার ছশো সাতান্ন টাকা এবং বাহাত্তর পয়সা মাত্র)
মোটরগাড়ির বিবরণ	(ওপরের টেবিলে যেমনটা উল্লেখ করা হয়েছে)
ন্যূনতম বিডমূল্য যার কমে গাড়িটি বিক্রি করা হবে না	₹৩০,০০০/– (তিরিশ হাজার টাকা মাত্র)
বায়না জমা (ইএমডি)	₹৩,০০০/– (তিন হাজার টাকা মাত্র) [সংরক্ষণ মূল্যের ১০%]
নিলামের তারিখ, স্থান (অফলাইন) এবং সময়	তারিখ: ১৪.০৯.২০২২ স্থান: সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল অফিস কলকাতা, ডোর নং ২০এ, ওয়ার্ড নং ৬৩, দ্বিতীয় তল, ফ্ল্যাট নং ১, মাদার টেরেসা সরণি, পার্ক স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ– ৭০০০১৬ নিলামের সময়: দুপুর ০২:০০টো
ইএমডি আদায় দেওয়ার উপায়	তফসিলভুক্ত কোনও বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে 'সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক লিমিটেড' এর অনুকূলে কাটা এবং কলকাতায় প্রদেয় ডিমান্ড ড্রাফ্ট রূপে
বিড ফর্ম জমার শেষ তারিখ	১৪.০৯.২০২২, দুপুর ১:০০টার মধ্যে। ইএমডি হিসেবে ডিমান্ড ড্রাফ্ট এবং যথাযথরূপে পূরণ করা বিড ফর্ম সহ প্রয়োজনীয় কেওয়াইসি নথিসমূহ জমা দিতে হবে এখানে: সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল অফিস কলকাতা, ডোর নং ২০এ, ওয়ার্ড নং ৬৩, দ্বিতীয় তল, ফ্ল্যাট নং ১, মাদার টেরেসা সরণি, পার্ক স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ– ৭০০০১৬
শর্ত ও নিয়মাবলী	১. এই নিলাম 'যেখানে যেভাবে আছে', 'যা কিছু আছে', 'যেমন আছে' এবং 'রিকোর্স ছাড়া' ভিত্তিতে আয়োজিত হচ্ছে। ২. সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক লিমিটেড (এখানে এর পরে 'ব্যাঙ্ক' হিসেবে উল্লিখিত)

এর সেরা জ্ঞান ও তথ্যনুসারে উক্ত পরিসম্পদের ওপর কোনও দায় বিদ্যমান নেই। অবশ্য, নিজেদের বিড জমা দেওয়ার আগে বিডার(রা) নিজের ব্যক্তিগত স্বার্থরক্ষার্থে পরিসম্পদ যাচাই করবেন, নিজ খরচে পরিসম্পদ সম্পর্কিত খবর খতিয়ে জানবেন, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থেকে পরিসম্পদের জ্ঞাত বা অজ্ঞাত দায়, বোঝা ও অন্যান্য বকেয়া সম্পর্কে জানবেন বা সম্পত্তির ওপর অন্য কোনও স্বার্থধারক/দাবিদার আছে কি না সে সম্পর্কে জেনে সন্তুষ্ট হয়ে নেবেন, সেই পরামর্শ দেওয়া হচ্ছে। জমা পড়া যে কোনও বিড সম্পর্কে এমনটাই গণ্য করা হবে যে, জামিনযুক্ত পরিসম্পদ যথাযথ ও প্রকৃত পরিদর্শনের পরেই উক্ত বিড প্রদত্ত হচ্ছে এবং এই কারণে জামিনযুক্ত পরিসম্পদ বা এর কোনও অংশ সম্পর্কে জানানো বা না-জানানো স্বত্ব বা পরিস্থিতি বা কোনও বকেয়া/কর/শুল্ক সম্পর্কে বিডার(রা) কোনও ফেরতের দাবি বা কোনও প্রশ্ন/আপত্তি তুলতে পারবেন না। ৩. আগ্রহী বিডাররা গাড়ি কেনার জন্য তাঁদের দরপ্রস্তাব নির্ধারিত বিড ফর্মের মাধ্যমে খামে ভরে মুখবন্ধ অবস্থায় জমা দেবেন। উক্ত বিড ফর্মের সঙ্গে গাড়ির নির্ধারিত সংরক্ষণ মূল্যের ১০% হারে বায়না জমা বাবদ অর্থাঙ্ক তফসিলভুক্ত কোনও বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে 'সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক লিমিটেড' এর অনুকূলে কাটা এবং কলকাতায় প্রদেয় ডিমান্ড ড্রাফ্ট রূপে প্রয়োজনীয় কেওয়াইসি নথিসমূহ সমেত ব্যাঙ্কের কাছে গ্রহণযোগ্য উপায়ে জমা দেবেন। যথাযথরূপে পূরণ না করা বিড ফর্ম, ডিমান্ড ড্রাফ্ট বা কেওয়াইসি নথিবিহীন বিড ফর্ম বা ওপরে উল্লিখিত নির্ধারিত শেষ তারিখের পরে জমা পড়া বিড ফর্মগুলি বিবেচনা করা হবে না বা বৈধ বিড হিসেবে গণ্য হবে না এবং সেইমতো এগুলি বাতিল করা হবে। সর্বাধিক বিড সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক লিমিটেডের অনুমোদন সাপেক্ষ হবে। কোনও কারণ না দেখিয়ে যে কোনও প্রস্তাব/বিড গ্রহণ বা বাতিলের অধিকার ব্যাঙ্কের থাকবে। ব্যাঙ্কের সিদ্ধান্ত সকল বিডারের কাছে চূড়ান্ত এবং অবশ্য মান্য হবে। মুখবন্ধ টেন্ডারগুলি ওপরে উল্লিখিত তারিখ ও সময়ে খোলা হবে। নির্ধারিত সংরক্ষণ মূল্যের কম মূল্য উল্লেখ করা টেন্ডারগুলি তৎক্ষণাৎ বাতিল করা হবে। টেন্ডারগুলি খোলার পরে ব্যাঙ্কের সিদ্ধান্ত সাপেক্ষে উপস্থিত বিডাররা তাঁদের প্রস্তাবিত দরমূল্য বাড়ানোর জন্য নিজেদের মধ্যে আপসমূলক দরাদরির সুযোগ পেতে পারেন। ৪. তাঁর অনুকূলে বিক্রি চূড়ান্ত করার সঙ্গে সঙ্গে সফল বিডার বিডমূল্যের ২৫% অর্থাঙ্ক (ইএমডি ধরে) জমা দেবেন এবং বিক্রির তারিখ থেকে ১০ দিনের মধ্যে তাঁকে বাকি ৭৫% আদায় দিতে হবে, যেমনটা করতে তিনি ব্যর্থ হলে আর কোনও নোটিস জারি না করেই তাঁর দেওয়া ইএমডি সমেত বিডমূল্যের ২৫% অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে। বায়না জমার ওপর কোনও সুদ দেওয়া হবে না। নিলাম নিষ্পত্তির পরে অসফল বিডারদের তরফে প্রদত্ত ইএমডি বাবদ ডিমান্ড ড্রাফ্ট যথাসময়ে ফেরত দেওয়া হবে। সফল বিডারের ইএমডি বিক্রয়মূল্যের অংশ হিসেবে ধরে রাখা হবে। নিলামের তারিখ থেকে ১০ (দশ) দিনের মধ্যে সফল বিডারকে বিক্রয়মূল্যের বাকি অর্থাঙ্ক আদায় দিতে হবে। যে কোনও পর্যায়ে নির্ধারিত সময়সীমার মধ্যে সফল বিডার/ নিলামের ক্রেতা অর্থাঙ্ক প্রদানে ব্যর্থ হলে এই বিক্রি বাতিল করা হবে এবং খেলাপকারী ক্রেতা দ্বারা ইতিমধ্যে জমাকৃত অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে এবং গাড়িটি পুনরায় বিক্রি করা হবে এবং সংশ্লিষ্ট ঋণগ্রহীতার পাশাপাশি খেলাপকারী ক্রেতা/বিডারের ওই গাড়ি/ বিক্রয়লব্ধ অর্থাঙ্কের ওপর কোনও দাবি/ অধিকার থাকবে না। ৫. বিডমূল্য/ চূড়ান্ত বিডমূল্য যাবতীয় চার্জ ও প্রযোজ্য কর বর্জিত হবে। প্রযোজ্য স্ট্যাম্প ডিউটি/ ট্রান্সফার চার্জ, পার্কিং চার্জ, ভ্যাট, ফি, রি-রেজিস্ট্রেশন চার্জ, দূষণ ও বিমার চার্জ ইত্যাদি এবং উক্ত জামিনযুক্ত পরিসম্পদ সম্পর্কে যে কোনও পক্ষের কাছে বকেয়া ও প্রদেয় যাবতীয় বিধিবদ্ধ/অবিধিবদ্ধ বকেয়া, কর, ট্রান্সফার ফি, অন্যান্য ফি বা পরিসম্পদ বিক্রি বা তাঁর/তাঁদের/তার নামে জামিনযুক্ত পরিসম্পদ হস্তান্তরে প্রয়োজনীয় যাবতীয় খরচ, যেমন- সেল/ট্রান্সফার সার্টিফিকেটের ওপর স্ট্যাম্প ডিউটি ও রি-রেজিস্ট্রেশন চার্জ ইত্যাদি ক্রেতাকেই বহন করতে হবে। ৬. কোনও কারণ না দেখিয়ে এবং সংশ্লিষ্ট ঋণগ্রহীতা, স্বত্বাধিকারী, বিডার, জনসাধারণ ইত্যাদির প্রতি আগাম কোনও নোটিস না দিয়ে যে কোনও বিড গ্রহণ বা বাতিলের একচ্ছত্র অধিকার বা নিলাম বিক্রি বাতিল/স্থগিত/প্রত্যাহার করা বা বিক্রির শর্ত ও নিয়মাবলীতে যে কোনও ধরনের সংযোজন/বিয়োজন/সংশোধনের অধিকার ও সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা ব্যাঙ্কের থাকবে। এই নিলাম বিক্রি ব্যাঙ্কের অনুমোদন সাপেক্ষ হবে। বিক্রির নির্ধারিত তারিখের আগে যদি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/জামিনদার ব্যাঙ্কের পাওনা অর্থাঙ্ক পুরোপুরি মিটিয়ে দিতে পারেন, সেক্ষেত্রে কোনও বিক্রি আয়োজিত হবে না। সফল বিডার এক্ষেত্রে কোনও দাবি জানাতে পারবেন না এবং বিক্রি/নিলাম বাতিল ব্যাঙ্কের সিদ্ধান্ত সাপেক্ষ হবে। ৭. শর্তসাপেক্ষ বিড অবৈধ হিসেবে গণ্য হিসেবে গণ্য করা হতে পারে এবং অনিশ্চিত বিডগুলি অবৈধ হিসেবে গণ্য করা হবে। ৮. একবার কোনও বিড জমা দেওয়া হলে সংশ্লিষ্ট বিডাররা তা প্রত্যাহার করতে পারবেন না। ৯. পুরো ক্রয়মূল্য বুঝে পাওয়ার পরে এবং তাঁর/তাঁদের/তার নামে গাড়িটির রি-রেজিস্ট্রেশনের পরে নিলাম হওয়া গাড়ির বাস্তবিক দখল এবং উপলব্ধ যাবতীয় নথিপত্র ক্রেতার হাতে তুলে দেওয়া হবে। ১০. বিড ফর্ম এখান থেকে সংগ্রহ করা যাবে: সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল অফিস কলকাতা, ডোর নং ২০এ, ওয়ার্ড নং ৬৩, দ্বিতীয় তল, ফ্ল্যাট নং ১, মাদার টেরেসা সরণি, পার্ক স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০১৬। কোনও প্রশ্ন থাকলে বিডাররা কাজের দিনে অফিস চলার মেয়াদে মিঃ সৌম্য শঙ্কর ব্যানার্জির (মোবাইল: ৯০৪৯৫৩১৫৩৮) সঙ্গে যোগাযোগ করতে পারেন।

এটি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা ও জামিনদার(গণ) এর প্রতি অন্তিম নোটিস হিসেবেও গণ্য করা যেতে পারে যার মাধ্যমে তাঁদের এই বিষয়ে অবগত করানো হচ্ছে যে, বিক্রির নির্ধারিত তারিখ বা তার আগে সুদ, অন্যান্য মাসুল ও চার্জ সমেত ব্যাঙ্কের পাওনা অর্থাঙ্ক সম্পূর্ণরূপে আদায় না-দেওয়া হলে ব্যাঙ্কে রেহানাবদ্ধ গাড়িটি বিক্রি করা হবে।

তারিখ: ২৯.০৮.২০২২; স্থান: কলকাতা **অনুমোদিত স্বাক্ষরকারী**

ইন্টারন্যাশনাল কমবাসন (ইন্ডিয়া) লিমিটেড

CIN: L36912WB1936PLC008588
রেজিস্টার্ড অফিস: ইনফিনিটি বেঞ্চমার্ক, ১২তম তল, প্লট নং জি–১, ব্লক ইপি ও জিপি, সেক্টর–৫, সল্টলেক, ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স, কলকাতা–৭০০ ০৯১, ফোন: +৯১ (৩৩) ৪০৮০ ৩০০০;
ই–মেল: info@internationalcombustion.in ওয়েবসাইট: www.internationalcombustion.in

বিজ্ঞপ্তি

ভারত সরকারের কর্পোরেট বিষয়ক মন্ত্রক (এমসিএ) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়ার প্রযোজ্য সার্কুলারসমূহ অনুযায়ী বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে আমাদের ৮ জুন, ২০২২ তারিখের বিজ্ঞপ্তিতে বিবৃতি অনুযায়ী কোম্পানির শেয়ারহোল্ডারগণের ছিয়াশিতম বার্ষিক সাধারণ সভা **বুধবার, ২১ সেপ্টেম্বর, ২০২২** বেলা ২.০০টায় ভিডিও কনফারেন্সিং (ভিসি)/অন্যান্য অডিও ভিসুয়াল মাধ্যমে (ওএভিএম) অনুষ্ঠিত হবে যেখানে এজিএম আহ্বায়ক বিজ্ঞপ্তিতে বিবৃত বিষয়সমূহ আলোচনা করা হবে যা প্রেরিত হয়েছে ২৯ আগস্ট, ২০২২–এ, যা সহ অর্থবর্ষ ২০২১–২২–এর বার্ষিক রিপোর্ট ই–মেল মাধ্যমে সে সকল শেয়ারহোল্ডারগণকে প্রেরণ করা হয়েছে যাদের ই–মেল ঠিকানা কোম্পানি/ডিপোজিটরিজ–এর কাছে নথিভুক্ত রয়েছে। এই বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট **http://www.internationalcombustion.in** এবং বম্বে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট **http://www.bseindia.com**–তে পাওয়া যাবে। ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল) যারা ভিসি/ওএভিএম মাধ্যমে ই–ভোটিং ও এজিএম পরিচালনা করবেন তাদের ওয়েবসাইট **https://www.evoting.nsdl.com**–তেও এসব পাওয়া যাবে।

৮৬ তম এজিএম আহ্বায়ক বিজ্ঞপ্তি **http://www.internationalcombustion.in/others/AGM%20NOTICE%202021-22.pdf** ও ২০২১–২২–এর বার্ষিক রিপোর্ট **http://www.internationalcombustion.in/others/IC%20Annual%20Report%20%28Final%29%2021-22.pdf** –এ পাওয়া যাবে।

রিমোট ই–ভোটিং সুবিধা ও এজিএম–তে বৈদ্যুতিন মাধ্যমে ভোট প্রদান সংক্রান্ত বিষয়ে শেয়ারহোল্ডারগণকে জানানো হচ্ছে যে:

(ক) দি কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ সেকশন ১০৮ সঙ্গে পঠনীয় কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪, রুল ২০, এমসিএ দ্বারা জারিকৃত সার্কুলার সমূহ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস), রেগুলেশনস ২০১৫, রেগুলেশন ৪৪ অনুযায়ী কোম্পানি তার শেয়ারহোল্ডারগণকে রিমোট ই–ভোটিং সুবিধা ও এজিএম–তে ই–ভোটিং (ইনস্টাপোল) সুবিধা প্রদান করছেন যার দ্বারা সদস্যগণ বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়সমূহের উপর বৈদ্যুতিন মাধ্যমে ভোট দিতে পারেন।

(খ) শেয়ারহোল্ডারগণ, যাঁরা নির্ণায়ক তারিখ **বুধবার, ১৪ সেপ্টেম্বর, ২০২২**–এ শেয়ার ধরে রেখেছেন, তাঁরা তাঁদের পছন্দমতো পদ্ধতিতে, রিমোট ই–ভোটিং বা ইনস্টাপোল দ্বারা ভোট দিতে পারবেন। যে সকল শেয়ারহোল্ডার শুক্রবার, ১৯ আগস্ট, ২০২২ তারিখে শেয়ার ধরে রেখেছেন, তাঁদের কোম্পানি এজিএম আহ্বায়ক বিজ্ঞপ্তি সহ ই–ভোটিং এর জন্য লগইন আইডি ও পাসওয়ার্ড প্রেরণ করেছে। ১৯ আগস্ট, ২০২২ পরবর্তী সময়ে যে সকল ব্যক্তি শেয়ারহোল্ডার হয়েছেন এবং ১৪ সেপ্টেম্বর, ২০২২ তারিখে শেয়ার ধরে রেখেছেন এবং যাঁদের ই–মেল আইডি কোম্পানি/ডিপোজিটরিজ এর কাছে নথিভুক্ত রয়েছে তাঁদেরও এজিএম আহ্বায়ক বিজ্ঞপ্তি ই–মেল মাধ্যমে প্রেরণ করা হবে। সে সকল শেয়ারহোল্ডার তাঁদের ফোলিও নং/ডিপিআইডি ও ক্লায়েন্ট আইডি উল্লেখ করে **evoting@nsdl.co.in বা rta@cbmsl.com**–তে অনুরোধক্রমে ই–ভোটিং এর জন্য লগইন আইডি ও পাসওয়ার্ড পেতে পারেন।

(গ) ভোট প্রদানের বিশদ এজিএম বিজ্ঞপ্তিতে উল্লেখিত।

(ঘ) রিমোট ই–ভোটিং আরম্ভ হবে রবিবার, **১৮ সেপ্টেম্বর, ২০২২ সকাল ৯.০০টায়** এবং এই সুবিধা **মঙ্গলবার, ২০ সেপ্টেম্বর, ২০২০ বিকেল ৫.০০টা** পর্যন্ত পাওয়া যাবে এবং তদপরবর্তী সময়ে তা আর পাওয়া যাবে না। এজিএম চলাকালীন সময়ে এজিএম–তে ই–ভোটিং (ইনস্টাপোল) সুবিধা পাওয়া যাবে।

(ঙ) ই–ভোটিং সম্পর্কিত প্রশ্ন/জিজ্ঞাসা থাকলে এনএসডিএল–এর ই–ভোটিং টিমের সঙ্গে যোগাযোগ করুন ১৮০০–১০২০ ৯৯০/ ১৮০০ ২২ ৪৪ ৩০ (ই–মেল: **evoting@nsdl.co.in**) বা মেসার্স সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (পি) লিঃ; যারা কোম্পানির রেজিস্ট্রারস ও শেয়ার ট্রান্সফার এজেন্ট। ফোন ০৩৩–৪০১১ ৬৭০০ (ই–মেল **rta@cbmsl.com**) বা শ্রী পি আর শিবশঙ্কর, কোম্পানি সেক্রেটারি, যিনি কোম্পানির কমপ্লায়েন্স অফিসার, কোম্পানির রেজিস্টার্ড অফিসে বা ফোন নং ০৩৩–৪০৮০ ৩০৪০ (ই–মেল: **pr.sivasankar@internationalcombustion.in**)

(চ) রিমোট ই–ভোটিং পদ্ধতি এবং এজিএম–তে ভোটিং (ইনস্টাপোল) স্ক্রুটিনাইজ করবার জন্য শ্রী অরূপ কুমার রায়, কর্মরত কোম্পানি সচিবকে স্ক্রুটিনাইজার হিসেবে নিযুক্ত করা হয়েছে।

(ছ) কোনও সদস্য রিমোট ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদান করে থাকলে তিনি তা পরিমার্জন করতে পারবেন না বা এজিএম–তে ই–ভোটিং করতে পারবেন না, তাঁরা এজিএম–তে উপস্থিত থাকতে পারবেন এবং আলোচনায় অংশগ্রহণ করতে পারবেন।

(জ) যে সকল শেয়ারহোল্ডার ১৪ সেপ্টেম্বর, ২০২২ তারিখে শেয়ার ধরে রেখেছেন এবং রিমোট ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদান করেননি কিন্তু এজিএম–তে উপস্থিত রয়েছেন তাঁরা এজিএম চলাকালীন সময়ে ই–ভোটিং করতে পারবেন।

(ঝ) পুনরায় বিশদভাবে জানানো হচ্ছে যে সকল ব্যক্তির নাম কোম্পানির খাতায় বা ডিপোজিটরি দ্বারা পরিচালিত লাভজনক সদস্যের খাতায় রয়েছে নির্ণায়ক তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০২২ সময়ে কেবলমাত্র তাঁরাই রিমোট ই–ভোটিং বা এজিএম–তে ই–ভোটিং প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবেন।

(ঞ) এজিএম আহ্বায়ক বিজ্ঞপ্তিতে বিবৃত পদ্ধতি অনুসরণ করে সদস্যগণ ভিসি/ওএভিএম মাধ্যমে নির্ধারিত ২১ সেপ্টেম্বর, ২০২২ বেলা ২.০০টার ১৫ মিনিট পূর্বে যোগদান করতে পারবেন। ভিসি/ওএভিএম মাধ্যমে এজিএম–তে উপস্থিতি ১০০০ জন সদস্যের আগে এলে আগে নথিভুক্তির সুবিধা প্রদান করা হবে। এই ব্যবস্থা, বৃহৎ শেয়ারহোল্ডার (শেয়ারহোল্ডারগণ যাঁরা ২% বা তার বেশি শেয়ার ধরে রেখেছেন), প্রোমোটার, প্রতিষ্ঠানিক বিনিয়োগকারী, ডিরেক্টর, কি ম্যানেজেরিয়াল ব্যক্তি, অডিট কমিটির প্রধান, নমিনেশন ও রেমুনারেশন কমিটি এবং স্টেকহোল্ডারস রিলেশনশিপ কমিটি, অডিটর, স্ক্রুটিনাইজার ইত্যাদির ক্ষেত্রে প্রযোজ্য নয়, তাঁরা এজিএম–তে আগে এলে আগে নথিভুক্তির সুবিধা ব্যতীত অংশগ্রহণ করতে পারবেন।

(ণ) রিমোট ই–ভোটিং এবং এজিএম–তে ই–ভোটিং (ইনস্টাপোল)–এর একত্রিত ফলাফল, এজিএম সমাপ্ত হওয়ার দুই কাজের দিনের মধ্যে প্রকাশ করা হবে এবং তা কোম্পানির ওয়েবসাইট, এনএসডিএল এর ওয়েবসাইটে প্রদান করা হবে এবং স্টক এক্সচেঞ্জ সমূহকেও জানানো হবে।

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩, সেকশন ৯১ সঙ্গে পঠনীয় কোম্পানিজ (মানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪, রুল ১০ অনুযায়ী উপরোক্ত এজিএম–এরর কারণে কোম্পানির সদস্যগণের নথি ও শেয়ার হস্তান্তর বই **বৃহস্পতিবার, ১৫ সেপ্টেম্বর, ২০২২ থেকে বুধবার, ২১ সেপ্টেম্বর, ২০২২** (উভয় দিন সহ) পর্যন্ত বন্ধ থাকবে।

ইন্টারন্যাশনাল কমবাসন (ইন্ডিয়া) লিমিটেড–এর পক্ষে
পি আর শিবশঙ্কর
কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ: ৩০ আগস্ট, ২০২২